

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০৬০.০০.০০১.৩১.০১.২০১২(অংশ-১)- ২৬২

তারিখ : ০৬ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জনপ্রতি ৪০/- (চল্লিশ) টাকা হতে ১০০/- (একশত) টাকায় উন্নীতকরণ (পুনঃনির্ধারণ)।


সূত্র : তাঁর কার্যালয়ের স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০৬৩.১৩-৫৪৭, তারিখ: ১০/১১/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৩/১২/২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৩.০১০.১৩-২৪৫ সংখ্যক স্মারকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জনপ্রতি দৈনিক ৪০/- (চল্লিশ) টাকা হতে ১০০/- (একশত) টাকায় পুনঃনির্ধারণে নিম্নোক্ত শর্তে সম্মতি জ্ঞাপন করেছে :

- (ক) নিজস্ব Resource ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে। এজন্য অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না ;
- (খ) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
- (গ) প্রাপ্যতা নিশ্চিত হয়ে এ ভাতা প্রদান করতে হবে ;
- (ঘ) এ ব্যয়ে কোন আর্থিক অনিয়ম দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে ; এবং
- (ঙ) আদেশ জারির তারিখ থেকে পুনঃনির্ধারিত হার কার্যকর হবে ।

এমতাবস্থায়, অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে উপর্যুক্ত শর্তে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জনপ্রতি ৪০/- (চল্লিশ) টাকা হতে ১০০/- (একশত) টাকায় পুনঃনির্ধারণে প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


২৬/১২/১৭
মোহাম্মদ আবদুল আওয়াল
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৪২৮

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (যুব/যুব-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব (যুব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অফিস কপি।